

# ইজিসিবি সংবাদ

ইজিসিবি এর কর্মকান্ড সম্পর্কিত একটি ত্রৈমাসিক প্রকাশনা
২০২৫-২৬, সংখ্যা ০১, জুলাই-সেপ্টেম্বর, ২০২৫



*প্রকৌশলী এ. কে. এম. মনজুর কাদির, ১৬ তম ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ২১ আগস্ট ২০২৫ তারিখে ইজিসিবিতে যোগদান করেন। ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদানের পূর্বে তিনি দেশে-বিদেশে বিদ্যুৎ উৎপাদন খাতের বিভিন্ন প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ পদে ৩০ বছরেরও অধিক সময় সুনামের সহিত দায়িত্ব পালন করেছেন।*



*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব জনাব মোঃ আমিনুল ইসলাম, এনডিসি ১০ই সেপ্টেম্বর ২০২৫ তারিখে ইজিসিবি এর নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ) হিসেবে যোগদান করেন। ইজিসিবির উর্ধ্বতন কর্মকর্তাগণ ফুলেল শুভেচ্ছায় নবযোগদানকৃত স্যার কে বরণ করেন।*

## সোনাগাজী ২২০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের অর্থায়ন অনুমোদন

২৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ইসলামিক উন্নয়ন ব্যাংক এর পরিচালনা পর্ষদের সভায় ইজিসিবি এর সোনাগাজী ২২০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের জন্য ১৪৩.২৮ মিলিয়ন ইউএস ডলার অর্থায়ন অনুমোদিত হয়।

## ইজিসিবি WePOWER কমিটি কর্তৃক আন্তর্জাতিক রিটার্নিং মাদারস' ডে ২০২৫ উদযাপন

ইজিসিবি'র WePOWER কমিটি আনন্দঘন পরিবেশে প্রথম বার ১০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে "আন্তর্জাতিক রিটার্নিং মাদারস' ডে ২০২৫" উদযাপন করেছে। সেই সব অসাধারণ নারীদের সম্মানে, যারা মাতৃত্ব ও পেশাগত দায়িত্ব একই সাথে দক্ষতা ও দৃঢ়তার সাথে পালন করে আসছে। ইজিসিবি'র সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উক্ত আয়োজনে রিটার্নিং মাদারগণ কে বিশেষ উপহার প্রদান করেন এবং ইজিসিবির সকল নারী কর্মকর্তাকে আন্তরিক শুভেচ্ছা জানান।এরপর অনুপ্রেরণাদায়ী অভিজ্ঞতা বিনিময় সেশনের আয়োজন করা হয়, যেখানে ইজিসিবির নারী কর্মকর্তা যারা একই সাথে মা তাদের ছোট সন্তানদের যত্ন ও পেশাগত দায়িত্ব একসাথে পালন করার ব্যক্তিগত অভিজ্ঞতা শেয়ার করেন।







*আন্তর্জাতিক রিটার্নিং মাদারস' ডে ২০২৫ উদযাপন*

## ড. মনজুর হোসেন,  সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন মহোদয়ের সোনাগাজী ৭৫ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য (সচিব) ড. মনজুর হোসেন ২৮ সেপ্টেম্বর ২০২৫, রোববার সোনাগাজী ৭৫ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেছেন। জাতীয় গ্রিডে নবায়নযোগ্য জ্বালানি থেকে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারের চলমান উদ্যোগের অংশ হিসেবে তিনি  সৌর বিদ্যুৎ কেন্দ্রের  উৎপাদন পরিস্থিতি সরেজমিনে পর্যবেক্ষণ করেন। পরিদর্শনকালে তিনি কেন্দ্রের কন্ট্রোল রুম, ইনভার্টার স্টেশন, পিভি অ্যারে, সাবস্টেশন, মনিটরিং সিস্টেম এবং নিরাপত্তা ব্যবস্থাসহ পুরো অবকাঠামো ঘুরে দেখেন। পরিদর্শন শেষে ড. মনজুর হোসেন জানান, সোনাগাজীর এই ৭৫ মেগাওয়াট কেন্দ্রটি দেশের নবায়নযোগ্য জ্বালানি সক্ষমতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। পরিদর্শনকালে কর্মকর্তারা কেন্দ্রের সাম্প্রতিক বিদ্যুৎ উৎপাদন পরিসংখ্যান, ইনভার্টার ও পিভি মডিউলের পারফরম্যান্স, বার্ষিক রক্ষণাবেক্ষণ কার্যক্রম এবং অপারেশনাল চ্যালেঞ্জসমূহ উপস্থাপন করেন। ড. মনজুর হোসেন প্রযুক্তিগত সমস্যাগুলোর দ্রুত সমাধান, সক্ষমতা বৃদ্ধিমূলক কার্যক্রম এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনার ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি সৌরবিদ্যুৎ কেন্দ্রের সম্ভাব্য সম্প্রসারণ, হাইব্রিড স্টোরেজ সমাধান, গ্রিড স্থিতিশীলতা এবং দীর্ঘমেয়াদি অপারেশন ও মেইনটেন্যান্স ব্যবস্থাপনা বিষয়ে সৌর বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন। এছাড়াও তিনি নবায়নযোগ্য জ্বালানির প্রসারে গবেষণা, প্রযুক্তি উদ্ভাবন ও দক্ষ জনবল তৈরির ওপরও জোর দেন। পরিকল্পনা কমিশনের সদস্য স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, অবকাঠামোগত উন্নয়ন এবং পরিবেশগত দৃষ্টিকোণে প্রকল্পটির ইতিবাচক প্রভাব তুলে ধরেন। তিনি আরও বলেন: “এ ধরনের প্রকল্পগুলো শুধু বিদ্যুৎ উৎপাদনেই সীমাবদ্ধ নয়—এগুলো স্থানীয় অর্থনীতি ও মানুষের জীবনমান উন্নয়নে অবদান রাখে।”





*ড. মনজুর হোসেন,  সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন মহোদয় সোনাগাজী ৭৫ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন*

## সোনাগাজী ৭৫ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্রের কন্ট্রোল রুমে ৩৬ কিলোওয়াট-পিক রুফটপ সোলার স্থাপন

ইজিসিবি পরিচালিত সোনাগাজী ৭৫ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্রে নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার আরও বাড়ানোর লক্ষ্যে কেন্দ্রের **৩৩ কেভি** কন্ট্রোল রুমের ছাদে ৩৬ কিলোওয়াট-পিক (kWp) রুফটপ সোলার সিস্টেম সফলভাবে স্থাপন করা হয়েছে। এর মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্রের অভ্যন্তরীণ বিদ্যুৎ চাহিদার একটি গুরুত্বপূর্ণ অংশ এখন নিজস্ব নবায়নযোগ্য উৎস থেকে পূরণ হচ্ছে। স্থাপিত রুফটপ সোলার প্রতিদিন প্রায় **১৪০–১৬০** কিলোওয়াট-ঘণ্টা (kWh) বিদ্যুৎ উৎপাদন করতে সক্ষম, যা গ্রিড থেকে নেওয়া বিদ্যুতের চাপ কমাতে এবং অপারেশনাল খরচ হ্রাসে সহায়তা করে। নতুন এ উদ্যোগ পরিবেশবান্ধব জ্বালানি ব্যবহারে কেন্দ্রটির অগ্রগতি ও সাশ্রয়ী শক্তি ব্যবস্থাপনার প্রতিফলন।রুফটপ সোলার সিস্টেমে ব্যবহৃত হয়েছে উচ্চ দক্ষতার সোলার মডিউল, গ্রিড-সাপোর্টেড ইনভার্টার, আর্থিং, সার্জ প্রোটেকশন এবং অনলাইন মনিটরিং সুবিধা, যা সিস্টেমের স্থায়িত্ব ও নিরাপত্তা নিশ্চিত করবে।নবায়নযোগ্য জ্বালানির অংশ বাড়াতে সোনাগাজী সৌর বিদ্যুৎ কেন্দ্র ধারাবাহিকভাবে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে। রুফটপ সোলার স্থাপন তারই অংশ, যা কেন্দ্রের কার্বন নিঃসরণ কমাতে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।





*সোনাগাজী ৭৫ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্রের কন্ট্রোল রুমে ৩৬ কিলোওয়াট-পিক রুফটপ সোলার*

## সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ সিসিপিপি এ অনলাইন বার্ড-স্ক্রিন ক্লিনিং সম্পন্ন







সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেগাওয়াট সিসিপিপি গ্যাস টার্বাইনে দুই ধাপের Air Filtration ব্যবস্থা রয়েছে, পরিষ্কারযোগ্য প্রাইমারি ফিল্টার (বার্ড-স্ক্রিন) এবং মূল ফিল্টার। পূর্বে বার্ড-স্ক্রিন পরিষ্কারের জন্য প্রতি মাসে নূন্যতম একবার গ্যাস টারবাইন বন্ধ করার প্রয়োজন হত, যা বিদ্যুৎ কেন্দ্রের নির্ভরযোগ্যতা হ্রাস করছিল। সমস্যাটি সমাধানকল্পে দীর্ঘদিন ধরে বিদ্যুৎ কেন্দ্রের প্রকৌশলীগণ চেষ্টা করে আসছিলেন, পরবর্তিতে মোঃ সিদ্দিকুর রহমান (নির্বাহী প্রকৌশলী, আই এন্ড সি) গ্যাস টারবাইন চালু অবস্থায় ফিল্টার পরিষ্কারের উদ্ভাবনী প্রস্তাব দেন। দীর্ঘ পরীক্ষা-নিরীক্ষা এবং যাচাই-বাছাইয়ের পর গত ২রা সেপ্টেম্বর ২০২৫ তারিখে প্রথমবার সম্পূর্ণ বার্ড-স্ক্রিন সফলভাবে মেশিন চালু রেখে পরিষ্কার করতে সক্ষম হয়। এই অর্জনের ফলে তাৎক্ষণিকভাবে ইজিসিবি কর্তৃপক্ষ প্রকৌশলীদের একটি প্রশংসাপত্র প্রদানের মাধ্যমে ধন্যবাদ জ্ঞাপন করেন। এই উদ্ভাবনের ফলে বছরে গড়ে ১০–১২টি শাটডাউন এড়ানো গেছে, ফলশ্রুতিতে রাজস্ব বৃদ্ধি পাচ্ছে এবং অন্যান্য রক্ষণাবেক্ষণ কাজও নির্ধারিত আউটেজের মধ্যেই সম্পন্ন করা সম্ভব হচ্ছে।

*সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেগাওয়াট সিসিপিপি এর অনলাইন বার্ড-স্ক্রিন ক্লিনিং*

## ইজিসিবি এর প্রকৌশলীদের দ্বারা গ্যাস টারবাইনের Boroscope Inspecion (BI) সম্পাদন

গত জুন ২০২৫-এ গ্রিড ফ্রিকোয়েন্সি অস্বাভাবিক দ্রুততায় নেমে যাওয়ায় সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেগাওয়াট সিসিপিপির গ্যাস টার্বাইনটি ট্রিপ করে। পরবর্তী করণীয় নির্ধারণের জন্য OEM (GE) এর পরামর্শ চাওয়া হলে, তারা Boroscope Inspection (BI) করার পরামর্শ দেয় এবং GE থেকে বিশেষজ্ঞ সেবা প্রস্তাব করে, যা বাস্তবায়ন করতে দীর্ঘসময়ের প্রয়োজন হত। এ প্রেক্ষিতে ইজিসিবির ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে দক্ষ প্রকৌশলী এবং টেকনিশিয়ানগণ বিদ্যুৎ কেন্দ্র জরুরীভিত্তিতে চালুর উদ্দেশ্যে গ্যাস টার্বাইনের BI সম্পাদন করে। পরবর্তীতে ইতিপূর্বে সম্পন্ন BI প্রতিবেদনের সাথে তুলনা করে একটি তুলনামূলক প্রতিবেদন প্রস্তুত করা হয় এবং GE এর প্রকৌশলী টিমের মাধ্যমে যাচাই করে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে ০৭ দিনের মধ্যে বিদ্যুৎ কেন্দ্র চালু করা হয়। এতে করে একদিকে যেমন ইজিসিবি'র আর্থিক সাশ্রয় নিশ্চিত হয়েছে অপর দিকে নিজস্ব জনবলের কারিগরি দক্ষতা এবং উদ্যোগী মনোভাবের প্রতিফলন হয়েছে।








*সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেগাওয়াট সিসিপিপি এর গ্যাস টারবাইনের Boroscope Inspecion (BI) সম্পাদন*

## হরিপুর ৪১২ মে:ও: সিসিপিপি ও সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিপিপি এর ফায়ার ড্রিল সম্পন্ন

ইজিসিবি'র আওতাধীন নারায়ণগঞ্জ অবস্থিত হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি এবং সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিপিপি এর কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে অগ্নিনির্বাপণ ব্যবস্থা সম্পর্কে অবহিতকরণ এবং জরুরি সময়ে করণী সম্পর্কে সচেতনতা বৃদ্ধির অংশ হিসেবে যথাক্রমে ০২ আগস্ট ২০২৫ ও ২৫ আগস্ট ২০২৫ তারিখে ফায়ার ড্রিলের আয়োজন করা হয়। প্ল্যান্টের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উক্ত ড্রিলে অংশগ্রহণ করেন।







## হরিপুর ৪১২ মে:ও: সিসিপিপি এর ২য় টারবাইন ইন্সপেকশন সম্পন্ন

হরিপুর ৪১২ মেগাওয়াট সিসিপিপি-এর নির্ধারিত গ্যাস টারবাইনের ২য় টারবাইন ইন্সপেকশন (2nd TI) কাজ ১৪ জুলাই ২০২৫ থেকে ০৩ আগস্ট ২০২৫ তারিখ পর্যন্ত সম্পন্ন করা হয়েছে। বিদেশি Technical Expert-এর তত্ত্বাবধানে এবং বিদ্যুৎ কেন্দ্রের নিজস্ব জনবলের সক্রিয় অংশগ্রহণে ২৫ দিনের নির্ধারিত কার্যক্রম ২১ দিনের মধ্যেই সফলভাবে সম্পন্ন করা হয়েছে। উক্ত মেরামত ও সংরক্ষণ কাজের অগ্রগতি পর্যবেক্ষণের জন্য ২৪ জুলাই ২০২৫ তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সরেজমিনে পরিদর্শন করেন।





*হরিপুর ৪১২ মে:ও: সিসিপিপি এর ২য় টারবাইন ইন্সপেকশন সম্পন্ন*

## সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিপিপি এর নষ্ট জেনারেটর স্টেটর অপসারণ

বিদ্যুৎ কেন্দ্রের ইপিসি ঠিকাদারের রেখে যাওয়া নষ্ট জেনারেটর স্টেটরটি ২০১২ সাল থেকে বিদ্যুৎ কেন্দ্রের অভ্যন্তরে সংরক্ষিত ছিল। উক্ত স্টেটরের ডিসপোজাল সংক্রান্ত দীর্ঘদিনের অমীমাংসিত ইস্যুটির সমাধানকল্পে, অবশেষে ইজিসিবি কর্তৃক নিলাম প্রক্রিয়ার মাধ্যমে এটিকে গত ০৭/০৭/২০২৫ তারিখে বিদ্যুৎ কেন্দ্র প্রাঙ্গণ থেকে সফলভাবে অপসারণ করা হয়েছে।



*সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিপিপি এর নষ্ট জেনারেটর স্টেটর অপসারণ*

## ইজিসিবি এর WPPF ফান্ডের অর্থ রাষ্ট্রীয় শ্রমকল্যাণ তহবিলে জমা প্রদান



*WPPF ফান্ডের অর্থ রাষ্ট্রীয় শ্রমকল্যাণ তহবিলে জমা প্রদান করা হয়েছে*

## ইজিসিবি'র Basic First Aid বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি (বিডিআরসিএস) এর সহযোগিতা ও পরিচালনায় গত ১৩-১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখ ০৩ (তিন) দিনব্যাপী হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি, নারায়ণগঞ্জ এ Basic First Aid বিষয়ক একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি'র ২৫ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন।





*ইজিসিবি'র Basic First Aid বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে*